১ম সপ্তাহের এসাইনমেন্ট - ১ (ফিন্যান্স ও ব্যাংকিং) উত্তর

অধ্যায়- ১

শিরোনাম:- অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন

কাজ-১

প্রশ্ন: উদাহরনসহ অর্থায়নের ধারণা যথাযথভাবে ব্যাখ্যা করো।

উত্তর: অর্থায়ন মূলত অর্থ বা তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে থাকে। কোন উৎস হতে কী পরিমাণ, কতটুকু তহবিল সংগ্রহ করে, কোথায় কীভাবে বিনিয়োগ করা হলে কারবারে সর্বোচ্চ মুনাফা হবে, অর্থায়ন সেই সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে। একটি ব্যবসায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালামাল বা পণ্য ক্রয় বিক্রয় থেকে অর্থের আগমন ও নির্গমন হয়। কারবারে মালামাল প্রস্তুত ও ক্রয় করার জন্য বিভিন্ন ধরনের তহবিলের প্রয়োজন হয়।

উদাহরণ:- মেশিন ক্রয় বাবদ খরচ, কাঁচামাল ক্রয় বাবদ খরচ, শ্রমিকদের মজুরি প্রদান ইত্যাদি অর্থায়নের উল্লেখযোগ্য কয়েকটি উদাহরণ। তহবিলের এই প্রয়োজন অনুযায়ী পরিকল্পনামাফিক তহবিল সংগ্রহ করতে হয়, যেন উৎপাদনপ্রক্রিয়া অব্যাহত থাকে। অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত এই প্রক্রিয়াগুলোকে বুঝায়।

যেমন: আমার গ্রামে কোনো দর্জির দোকানে গেলে দেখতে পাই যে, একজন বা দুজন সেলাই মেশিনে কাপড় সেলাই করছে। আবার হয়তো কেউ কাপড় কাটছে বা বোতাম সেলাই করছে। ফলে একটি দর্জির দোকানের মালিককে তার এই কার্যপ্রক্রিয়া সঠিকভাবে চালিয়ে নেয়ার জন্য সেলাই মেশিন ক্রয়, সুতা, বোতাম, কাঁচি ইত্যাদি প্রয়োজনীয় পরিমাণে ক্রয় করতে হয়। ব্যবসার শুরুতে সাধারণত এসব ক্রয়ের জন্য প্রয়োজনীয় তহবিল সে তার নিজস্ব মূলধন ব্যবহার করে নির্বাহ করে।

পরিশেষে বলা যায় যে, একটি অর্থায়ন ব্যবস্থাপনা হলো এমন একটি প্রক্রিয়া যা কোন ব্যবসা-প্রতিষ্ঠানের আর্থিক তহবিলের সামগ্রিক কার্য প্রক্রিয়া ধাপ।

<u>প্রশ্ন 'খ'</u> : উদাহরণসহ ব্যবসায়ের প্রকারভেদ ছকে প্রদর্শনসহ শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ব্যাখ্যা দেওয়া।

উত্তর: বর্তমানে ব্যবসায় শুধু পণ্যদ্রব্যের ক্রয়-বিক্রয়ের মধ্যে সীমাবদ্ধ থাকেনা। আধুনিক ব্যবসাকে প্রধানত তিন ভাগে ভাগ করা হয়েছে।

ক. শিল্প

খ. বাণিজ্য

গ. প্রত্যক্ষ সেবা



(চিত্রটি এসাইনমেন্টে আঁকতেই হবে)

<u>শিল্পের উদাহরণ:</u> প্রজনন শিল্প (নার্সারি), নিষ্কাশন শিল্প (খনিজ শিল্প), নির্মাণ শিল্প (রাস্তাঘাট নির্মাণ), উৎপাদন শিল্প (বস্ত্র শিল্প), সেবামূলক শিল্প (বিদ্যুৎ শিল্প) ইত্যাদি।

<u>প্রশ্ন 'ঘ'</u> : কাগজের প্যাকেটের গায়ে যদি মান লেখা থাকে (১২০±.৫) গ্রাম/মি² তার অর্থ হচ্ছে মানটি আসলে ১১৯.৫ হতে ১২০.৫ এককের মাঝে রয়েছে। এখানে চূড়ান্ত ত্রুটির মান .৫ একক। তোমার নির্ণীত মানের কতটুকু সূক্ষ্ম বা নির্ভুল?

উত্তর: ৮ গ্রাম কোনো বস্তু মাপের জন্য আমি ৫টি বস্তু নিলাম যাদের সম্মিলিত ভর ৪০ কেজি। ৫টি বস্তুর মান হলো-

$x_1 = 8$

$x_2 = 7.9$

$x_3 = 7.8$

$x_4 = 7.7$

$x_5 = 8.6$

সুতরাং, x উপাদানের গড় $= (8+7.9+7.8+7.7+8.6) \div 8$

$= 8$

► $x_1 = x - x_1 = 8 - 8 = 0$

► $x_2 = x - x_2 = 8 - 7.9 = 0.1$

► $x_3 = x - x_3 = 8 - 8 = 0.2$

► $x_4 = x - x_4 = 8 - 7.9 = 0.3$

► $x_5 = x - x_5 = 8 - 8.6 = -0.6$

সুতরাং, ► $x = \frac{► x_1 + ► x_2 + ► x_3 + ► x_4 + ► x_5}{5}$

কাজ-২

প্রশ্ন: কারবারি অর্থায়নের গুরুত্ব বর্ণনা কর।

উত্তর: আজকালকার দিনের প্রতিযোগিতামূলক মুক্তবাজার ব্যবস্থায় মুনাফা অর্জনের জন্য প্রতিটি সরকারি, বেসরকারি, আন্তর্জাতিক ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে গুরুত্বের সাথে পূর্ব-পরিকল্পনামাফিক অর্থায়ন করতে হয়। নিচে কারবারি অর্থায়নের গুরুত্ব তুলে ধরা হলো:-

১) ব্যবসায়িক মূলধন-সংকট:-

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ বলে আর্থিক সংকট ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য একটি নিত্যনৈমিত্তিক ঘটনা। এই সংকটের জন্য কারবার প্রতিষ্ঠান সুচারুরূপে পরিচালনা করা একটি কঠিন কাজ। উদাহরণস্বরূপ বলা যায় যে, একটি প্রতিষ্ঠানের কাঁচামাল কেনা প্রয়োজন কিন্তু অর্থসংকটের জন্য সে যদি যথাসময়ে উপযুক্ত পরিমাণে কাঁচামাল কিনতে অপারগ হয়, তাহলে প্রতিষ্ঠানটির উৎপাদনপ্রক্রিয়া ব্যাহত হতে পারে।

২) অনগ্রসর ব্যাংক ব্যবস্থা:-

অনেক সময় ব্যাংকে ঋণের বিপরীতে যে সম্পত্তি বন্ধক রাখতে হয়, তার অপ্রতুলতার কারণে ব্যাংক ঋণ উপযুক্ত সময়ে ও যথার্থ পরিমাণে পাওয়া যায় না। ফলে ব্যবসায়ীদের এ অর্থসংকট হতে উদ্ভূত সমস্যা মোকাবিলা করার জন্য খুবই পরিকল্পিতভাবে অর্থের সংস্থান করতে হয় এবং সঠিক বিনিয়োগ সিদ্ধান্তের মাধ্যমে অর্থের লাভজনক ব্যবহার করার প্রয়োজন হয়।

৩) স্বল্পশিক্ষিত উদ্যোক্তা:-

বাংলাদেশের বেশির ভাগ ক্ষুদ্র প্রতিষ্ঠানের উদ্যোক্তারা স্বল্পশিক্ষিত বলে তারা একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনার মাধ্যমে অর্থায়ন কার্যক্রম পরিচালনা করতে পারে না। এতে করে অনেক লাভজনক প্রতিষ্ঠান উপযুক্ত আর্থিক পরিকল্পনার অভাবে আর্থিক সংকটে সুষ্ঠুভাবে চলতে পারে না এবং অবশেষে লাভের বদলে ক্ষতির সম্মুখীন হয়।

নির্ণয়ের জন্য বিক্রয়লব্ধ অর্থ থেকে উৎপাদন ও অন্যান্য খরচ বাদ দিয়ে নগদ প্রবাহ নির্ধারণ করতে হয়। ভবিষ্যতের পণ্য বিক্রয়ের পরিমাণ ও পণ্যের মূল্য নির্ধারণ একটি দুরূপ কাজ বলে বিনিয়োগ সিদ্ধান্তটি প্রতিষ্ঠানের জন্য একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

কাজ-৫

প্রশ্ন: উদাহরণসহ অন্যান্য সিদ্ধান্তের যথাযথ ব্যাখ্যা কর।

উত্তর: আয় সিদ্ধান্ত বা অর্থায়ন সিদ্ধান্ত ও ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্ত আর্থিক ব্যবস্থাপকের জন্য সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। এছাড়া আর্থিক ব্যবস্থাপককে আরো কিছু সিদ্ধান্ত নিতে হয়, যেমন:-

ক) কী পরিমাণে কাঁচামাল ক্রয় বা প্রতিষ্ঠানের জন্য উপযোগী এবং সেই অর্থ কোথা থেকে সংগ্রহ করা যাবে- এ সংক্রান্ত সিদ্ধান্তকে চলতি বিনিয়োগ সিদ্ধান্ত বলে।

খ) দৈনন্দিন প্রয়োজন নির্বাহ করার জন্য কী পরিমাণ নগদ অর্থ রাখা উচিত, সেটাও একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

গ) যেসব উৎস থেকে তহবিল সংগ্রহ করা হয়েছে, তাদের প্রাপ্য প্রদান করা আরেকটি সিদ্ধান্ত।

ব্যাংক ঋণ ও অন্যান্য ঋণ যেমন- বন্ড, ডিবেঞ্চার ইত্যাদির মাধ্যমে তহবিল সংগৃহীত হলে যথাসময়ে নির্দিষ্ট পরিমাণ সুদ প্রদান করার সিদ্ধান্ত আর্থিক ব্যবস্থাপকের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। একইভাবে শেয়ার বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত তহবিলের ক্ষেত্রে প্রত্যাশিত হারে মুনাফা অর্জন ও লভ্যাংশ বন্টন ও আর্থিক ব্যবস্থাপকের জন্য গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়।